Language Code : **04**

इस पुस्तिका में **20** मुद्रित पृष्ठ हैं।
This booklet contains **20** Printed pages.

# JSS-24-I

**प्रश्न-पत्र-I / PAPER-I**

**बंगाली भाषा परिशिष्ट**

**Bengali Language Supplement**

**भाग-IV & V / PART-IV & V**

**मुख्य परीक्षा पुस्तिका संख्या / Main Test Booklet No.**

**मुख्य परीक्षा पुस्तिका कोड / Main Test Booklet Code**

# A

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20) पर दिए निर्देशों को ध्यान से पढ़ें।**
**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**

**बंगाली में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें। / FOR INSTRUCTIONS IN BENGALI SEE PAGE 2 OF THIS BOOKLET.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो **या** तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगाली** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं**।
2. परीक्षार्थी भाग I एवं भाग II **या** III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं। भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉल पॉइंट पेन** का प्रयोग करें।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **A**। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, उत्तर पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है। अगर यह भिन्न हो, तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा-I (बंगाली) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा-II (बंगाली) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं। इस परीक्षा पुस्तिका में केवल बंगाली भाषा से संबंधित प्रश्न दिए गए हैं। **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगाली के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए। जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा-I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें। अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें। उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है।

## INSTRUCTIONS FOR CANDIDATES

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BENGALI** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Part I and Part II **OR** III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ball Point Pen only** for writing particulars on this page/marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **A**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language-I (Bengali) (Q. 91 to Q. 120)
   Part-V : Language-II (Bengali) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bengali language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a Language other than Bengali, please ask for a Test Booklet that contains questions on that language. The language being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part-V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________________
Name of the Candidate (in Capitals) :

अनुक्रमांक : (अंकों में) / Roll Number : in figures ____________________
: शब्दों में / in words ____________________

परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) : ____________________
Centre of Examination (in Capitals) :

परीक्षार्थी के हस्ताक्षर : ____________________ निरीक्षक के हस्ताक्षर : ____________________
Candidate's Signature : Invigilator's Signature :

Facsimile Signature Stamp of
Centre Superintendent : ____________________

Language Code : **04**

# JSS-24-I

**প্রশ্ন পত্র-I**

**বাংলা ভাষা পরিশিষ্ট**

**ভাগ-IV & V**

মুখ্য পরীক্ষা পুস্তিকা কোড

**A**

**বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত**

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠা 19 এবং 20) মুদ্রিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন।**

*পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :*

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) **-এর কিন্তু দুটিরই নয়** - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ।
2. পরীক্ষার্থীরা ভাগ I, II, III এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V এ দেওয়া আছে। পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিশিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন।
4. এই পৃষ্ঠার বিবরণগুলি লেখার জন্য এবং উত্তর পত্রে উত্তর চিহ্নিত করণের জন্য **কেবলমাত্র নীল/কালো বল্ পয়েন্ট্ পেনই** ব্যবহার করতে হবে।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **A**. এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা অবশ্যই নিশ্চিত হয়ে নেবেন। কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (Invigilator) এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে 60টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান। প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :
   ভাগ IV : ভাষা I (বাংলা) (প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)
   ভাগ V : ভাষা II (বাংলা) (প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)
7. **ভাগ IV এ ভাষা I এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V এ ভাষা II এর জন্য আছে 30টি প্রশ্ন। যদি ভাষা I এবং/অথবা ভাষা II এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন। আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে।**
8. **পরীক্ষার্থীদের ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা I (ভাগ IV) এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা। অর্থাৎ ভাষা I (ভাগ IV) এবং ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না।**
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) -এর জন্য নির্দিষ্ট খালি-জায়গার মধ্যেই rough work করতে হবে।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিত করণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে।

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ____________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) : ____________________

: (অক্ষরে) : ____________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ____________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ____________________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ____________________

Facsimile signature stamp of
Centre Superintendent ____________________

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)** - এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part-IV (Q.No. 91-120)**, if they have opted **BANGLA** as **Language-I** only.

**PART-IV**

**LANGUAGE-I**

**BENGALI**

| |
|---|
| যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন। |

**নির্দেশ ঃ নিম্নোদ্ধৃত গদ্যাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (91 থেকে 99 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

সমকালীন বাংলার অন্যতম শ্রেষ্ঠ ভাষাবিজ্ঞানী পবিত্র সরকার বলেছেন, 'প্রবাদ হল লোক-অভিজ্ঞতা বা লোকদর্শনের একটা সংহত ও সুন্দর ভাষাগত রূপ যা প্রায়ই একটিমাত্র বাক্যের কখনও দুটি সংলগ্ন বাক্যের। কদাচিৎ দুটির বেশি বাক্য দিয়ে।' প্রবাদের মূল্য ব্যবহারিকতার জন্য অর্থাৎ প্রয়োগ গত। উপার্জিত জ্ঞান আমাদের কাজে লাগে। কার্যকর জ্ঞান ও অভিজ্ঞতার বাহন হিসেবেই তার স্বীকৃতি। কিন্তু সে তার বিশিষ্ট রূপের জন্য। প্রবাদের কার্যকারিতা দু ধরণের — জ্ঞান হিসেবে আর কথার অস্ত্র হিসেবে। অধ্যাপক সরকারের মতে, strategy বা style টি অতি গুরুত্বপূর্ণ। প্রবাদে যেমন আছে অলংকরণ তেমনি আছে ওজন। এ বিষয়ে পরে আমরা তাঁর অন্যান্য বিশ্লেষণে যাব। ভাষাবিজ্ঞানী অধ্যাপক রমাপ্রসাদ দে-র সংক্ষিপ্ত সংজ্ঞাটি এমন ঃ 'প্রবাদ জনমানসের বুদ্ধিদীপ্ত সংহত বাক্‌নির্মিতি।'

বাগ্‌ধারা (Idiom) হল গদ্য বাক্যখণ্ড। তা অধিকাংশে রূপক ও মেটাফর জাতীয় অলংকরণ। গদ্যনির্ভর বাগধারায় কোনও প্রচ্ছন্ন উপদেশ, কর্তব্য বা অকর্তব্যের নির্দেশ বা তেমন কোনও প্রার্থিত প্রজ্ঞার আভাস থাকে না, এমনই মত অধ্যাপক সরকারের। রমাপ্রসাদ দে বলেন, পূর্ণবাক্যের প্রবাদ sentence বা proverbial phrase যাকে বাগ্‌ধারা বা প্রবচন, রুশভাষায় pogovorki বলা হয়।

বাংলার আঞ্চলিক প্রবাদ সংকলনের কথামুখ লিখতে বসে সংস্কৃত প্রবাদের বিষয়ে দু-চারটি কথা বলা বোধ করি অপ্রাসঙ্গিক হবে না। সংস্কৃতে লেখা নানান গ্রন্থ থেকে পাওয়া যাবতীয় প্রবাদকে পণ্ডিতগণ কয়েকটি ভাগে ভাগ করেছেন। মোটামুটিভাবে সেগুলি হল ঃ (ক) আভাণক (খ) উদ্ভট (গ) সুভাষিত বা সূক্তি আর (ঘ) লোকন্যায়।

**আভাণক** হল 'লোকপরম্পরায় প্রচলিত ন্যায় বা যুক্তিযুক্ত বাক্য' (হরিচরণ বন্দ্যো.) (লৌকিকানামাভাণকং...সাংখ্য; সত্যং কৃতং ত্বয়াভাণকং। তটং গতায়া অপি নৌকায়া ন বিশ্বসিতব্যম্... কর্পূরমঞ্জরী)। কোথাও বলা হচ্ছে সূক্তি বা good saying বা proverbial saying, যাকে ইংরেজ বলেন saw সংক্ষিপ্ত সরল সরস অভিজ্ঞতাপ্রসূত উপদেশবাক্যে সাধারণ সত্যের প্রকাশ। যেমন, 'কণ্টকেনৈব কণ্টকম্'। জেলায় এমন কিছু আভাণক হল কলসির জল, গড়াতে গড়াতেই শেষ,' 'জয়ের কালে ক্ষয় নেই, ক্ষয়ের কালে জয় নেই', 'আল্লা যারে দেয়, ছপ্পর ফুঁড়ে দেয়', 'গরজে গয়লা ঢ্যালা বয়', প্রভৃতি।

উদ্ভট হল কোষকাব্য (পরস্পর নিরপেক্ষ শ্লোকসমূহ; আর্যাসপ্তশতী; সুভাষিতাবলি... হ. বন্দ্যো.) গোত্রের। উৎকৃষ্ট উপায়ে বলা। লোকপ্রসিদ্ধ অজ্ঞাত কবি-কর্তৃক রচিত হত এই শ্লোক। ইংরেজিতে যাকে বলে anonymous apophthegms or apothegms।

**91.** ভাষাবিজ্ঞানী রমাপ্রসাদ দে'র কথা অনুযায়ী —

(1) বাগ্‌ধারা ও প্রবাদ আলাদা
(2) প্রবাদ ও প্রবচন আলাদা
(3) বাগ্‌ধারা, প্রবাদ ও প্রবচন - সব এক
(4) বাগ্‌ধারা, প্রবাদ ও প্রবচন - সব আলাদা

**92.** ভাষাবিজ্ঞানী পবিত্র সরকারের মত অনুযায়ী, প্রবাদের বিভিন্ন বৈশিষ্ট্যের মধ্যে থাকে —

(1) অলংকরণযুক্ত সৌন্দর্য
(2) অলংকরণহীন ব্যবহারিকতা
(3) style - হীন ওজন
(4) ওজনহীন strategy

**93.** 'গরজে গয়লা ঢ্যালা বয়' — এই প্রবাদটির নিকটতম প্রবাদ কোনটি ?

(1) মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত (2) ঢেঁকি স্বর্গে গিয়েও ধান ভানে

(3) অতি বুদ্ধির গলায় দড়ি (4) ঠ্যালার নাম বাবাজি

**94.** "তা অধিকাংশে রূপক ও মেটাফর জাতীয় অলংকরণ।" — 'রূপক' বলতে বোঝায়

(1) মূর্ত রূপকে বিমূর্ত রূপে উপস্থাপন

(2) অপরিচিত রূপকে পরিচিত রূপে উপস্থাপন

(3) একটি রূপের ওপর অন্য রূপের আরোপ

(4) অসুন্দর রূপের ওপর সুন্দর রূপের আরোপ

**95.** আভাণকের সঙ্গে শ্রী সরকার কথিত গদ্যনির্ভর বাগ্‌ধারার পার্থক্য কোথায় ?

(1) অভিজ্ঞতার অস্তিত্বে (2) উপদেশ বাক্যের অস্তিত্বে

(3) সাধারণ সত্যের অস্তিত্বে (4) সংহতি বা সংক্ষিপ্তির অস্তিত্বে

**96.** উদ্ধৃত গদ্যাংশটি আঞ্চলিক প্রবাদ সম্পর্কিত কোনো গ্রন্থের —

(1) ভূমিকা (2) সমালোচনা (3) বিজ্ঞাপন (4) পাঠ-প্রতিক্রিয়া

**97.** অধ্যাপক সরকারের পর্যবেক্ষণ অনুযায়ী কোন মন্তব্যটি ঠিক ?

(1) এক বাক্যের চেয়ে দুই বাক্যের প্রবাদ বেশি

(2) দুই বাক্যের চেয়ে এক বাক্যের প্রবাদ বেশি

(3) দুই বাক্যের চেয়ে তিন বাক্যের প্রবাদ অনেক বেশি

(4) এক বাক্যের চেয়ে তিন বাক্যের প্রবাদ সামান্য বেশি

**98.** গদ্যাংশটির মূল উদ্দেশ্য কী ?

(1) প্রবাদের উৎস নির্ধারণ (2) প্রবাদের বৈচিত্র্য নির্ধারণ

(3) প্রবাদের সংজ্ঞা নির্ধারণ (4) প্রবাদের প্রয়োজনীয়তা নির্ধারণ

**99.** গদ্যাংশে উল্লেখিত মতামত অনুসারে প্রবাদের মূল্য প্রধানত কীসের ওপর নির্ভর করে ?

(1) অলংকরণের (2) বাক্‌নির্মিতির (3) বৌদ্ধিক দীপ্তির (4) ব্যবহারিকতার

**নির্দেশ ঃ নিম্নোদ্ধৃত কবিতাটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (100 থেকে 105 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

এই তো জানু পেতে বসেছি, পশ্চিম
আজ বসন্তের শূন্য হাত —
ধ্বংস করে দাও আমাকে যদি চাও
আমার সন্ততি স্বপ্নে থাক।

কোথায় গেল ওর স্বচ্ছ যৌবন
কোথায় কুরে খায় গোপন ক্ষয় ?
চোখের কোণে এই সমূহ পরাভব
বিষায় ফুসফুস ধমণী শিরা !

জাগাও শহরের প্রান্তে প্রান্তরে
ধূসর শূন্যের আজান গান ঃ
পাথর করে দাও আমাকে নিশ্চল
আমার সন্ততি স্বপ্নে থাক।

না কি এ শরীরের পাপের বীজাণুতে
কোনোই ত্রাণ নেই ভবিষ্যের ?
আমারই বর্বর জয়ের উল্লাসে
মৃত্যু ডেকে আনি নিজের ঘরে ?

না কি এ-প্রাসাদের আলোর ঝল্‌সানি
পুড়িয়ে দেয় সব হৃদয় হাড়
এবং শরীরের ভিতরে বাসা গড়ে
লক্ষ নির্বোধ পতঙ্গের !

আমারই হাতে এত দিয়েছ সম্ভার
জীর্ণ করে ওকে কোথায় নেবে ?
ধ্বংস করে দাও আমাকে ঈশ্বর
আমার সন্ততি স্বপ্নে থাক।

**100.** কবিতাটির মধ্যে প্রকাশ পেয়েছে —

(1) বর্তমান প্রজন্মের অকর্মন্যতা
(2) বর্তমান প্রজন্মের অকৃতকার্যতা
(3) বর্তমান প্রজন্মের দুর্বলতা
(4) বর্তমান প্রজন্মের অবক্ষয়

**101.** 'আমার সন্ততি স্বপ্নে থাক।' — এখানে কবির কামনা তাঁর সন্তানরা —

(1) স্বপ্ন-সুন্দর জীবন যাপন করুক
(2) মিথ্যা স্বপ্নের ঘোরে জীবন কাটাক
(3) অন্যান্য মানুষের সন্তানদের চেয়ে ভালো থাকুক
(4) পিতা-মাতার অবাস্তব স্বপ্ন পূরণ করুক

**102.** কাব্য পঙ্‌ক্তিগুলির মূল পর্বগুলি -

(1) 4 মাত্রার (2) 5 মাত্রার (3) 6 মাত্রার (4) 7 মাত্রার

**103.** কবিতাটির মধ্যে মূলত ব্যক্ত হয়েছে —

(1) এক অপ্রতিরোধ্য উচ্চাকাঙ্খা (2) এক অনস্বীকার্য দায়বদ্ধতা

(3) এক অবরুদ্ধ আত্মকেন্দ্রিকতা (4) এক অসম প্রতিদ্বন্দ্বিতা

**104.** কবিতার ৪র্থ ও ৫ম স্তবকে প্রকাশ পেয়েছে কবির —

(1) আত্মম্ভরিতা (2) আত্ম সন্তুষ্টি (3) আত্ম সমালোচনা (4) আত্ম সমর্থন

**105.** কবিতাটিতে তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি — চার রকম শব্দের অসাধারণ সম্মিলন ঘটেছে। শব্দগুলির শ্রেণি চিহ্নিত করুন ঃ

| | **শব্দ** | | **শ্রেণি** |
|---|---|---|---|
| (a) | জানু | (i) | বিদেশি |
| (b) | শহর | (ii) | তৎসম |
| (c) | উল্লাস | (iii) | তদ্ভব |
| (d) | ঝলসানি | (iv) | দেশি |

**সঠিক** বিকল্পটি চিহ্নিত করুন ঃ

(1) (a)-(i), (b)-(ii), (c)-(iv), (d)-(iii)

(2) (a)-(iii), (b)-(i), (c)-(ii), (d)-(iv)

(3) (a)-(ii), (b)-(iii), (c)-(iv), (d)-(i)

(4) (a)-(iv), (b)-(ii), (c)-(i), (d)-(iii)

**নির্দেশ ঃ নিম্নলিখিত প্রশ্নগুলির (106 থেকে 120 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

**106.** একটি শিশু কোনো বিষয়ের ওপর অনেক চিন্তাভাবনা করার পরেও সে-বিষয়ে নিজে থেকে একটা অনুচ্ছেদ লেখে না। যদিও সে তা বড়ো বা সমবয়স্ক কারুর সাহায্য পেলে লিখে ফেলতে পারে। — এই সাহায্য বা সহায়তাকে বলা হয় ঃ

(1) স্ক্যাফোল্ডিং (Scaffolding) (2) সমবয়স্ক শিক্ষণ (Peer teaching)

(3) সমবয়স্ক পরামর্শ (Peer counseling) (4) দলবদ্ধ শিক্ষণ (Team teaching)

**107.** .......... হচ্ছে এমন এক ধরণের শিখন, যেখানে একটি শিশুকে বুদ্ধিবৃত্তি, যুক্তিবৃত্তির মতো উচ্চস্তরীয় মানসিক প্রক্রিয়াগুলিকে ব্যবহার করতে হয়।

(1) মৌখিক (verbal) শিখন

(2) ধারণা (concept) শিখন

(3) পেশি সঞ্চালন দক্ষতা (motor skills) শিখন

(4) সংগঠন (structure) শিখন

108. শিক্ষক হিসেবে আপনি একটি শিশু কয়েকটি শব্দের বানানে ভুল করলেও তার 'সার্বিক ভাষা ব্যবহারের' প্রশংসা করলেন। - এর মাধ্যমে আপনি ক্লাসে __________ পদ্ধতিটির ব্যবহার করলেন।

(1) সমগ্র-ভাষা (Whole language)
(2) যোগাযোগমূলক (Communicative)
(3) গঠনবাদী (Constructivist)
(4) সংগঠন বা অবয়ববাদী (Structural)

109. আপনি একজন হিন্দিভাষী শিক্ষক। কিন্তু আপনাকে পাঠানো হয়েছে পাঞ্জাবের একটি প্রাথমিক বিদ্যালয়ে। যেহেতু আপনি স্থানীয় ভাষাটি জানেন না, সে হেতু আপনার উচিত —

(1) অবিলম্বে কোনো হিন্দিভাষী অঞ্চলে বদলি চেয়ে আবেদন করা
(2) শিশুদের ভাষাটিকে 'সম্পদ' (resource) হিসেবে ব্যবহার করা এবং শিক্ষাদান শুরু করে দেওয়া
(3) ইংরেজির মাধ্যমে যোগাযোগ করা
(4) সংশ্লিষ্ট গোষ্ঠীকে হিন্দি শেখার জন্য প্রণোদিত করা

110. নির্দিষ্ট কোনো তথ্য নিষ্কাশনের উদ্দেশ্যে খুব ঘনিষ্ঠ বা গভীর ভাবে কোনো পাঠ (text) পঠনের দক্ষতা হচ্ছে ........... বোধ (comprehension)

(1) বৈশ্বিক (Global)
(2) স্থানিক (Local)
(3) অনুমিতিগত (Inferential)
(4) মূল্যায়নগত (Evaluative)

111. ভাষা শিখনে নির্ণায়ক অভীক্ষার (diagnostic test) উদ্দেশ্য —

(1) ক্রমযৌগিক মূল্যায়নের (summative assessment) পরিকল্পনা এবং প্রশ্নাবলি তৈরি করা
(2) পি টি এম-এ মা-বাবাকে শিশুদের সম্পর্কে জানানো এবং তাদের প্রতি মনোযোগী হতে বলা
(3) শিক্ষার্থীদের বিষয়-বোধের ফাঁকগুলিকে বুঝতে পারা এবং উপযুক্ত নিরাময়মূলক পদক্ষেপ গ্রহণ করা
(4) শিক্ষার্থীদের প্রগ্রেস রিপোর্টে পরিদৃষ্ট তথ্যগুলিকে ব্যবহার করা

112. পাঠ্যপুস্তক সম্পর্কে নীচের কোন মন্তব্যটি ঠিক ?

(1) পাঠ্যপুস্তক হচ্ছে শিক্ষক ও শিক্ষার্থীদের পক্ষে চূড়ান্ত বস্তু (final thing)
(2) পাঠ্যপুস্তক পাঠক্রমে (curriculum) প্রস্তাবিত লক্ষ্য পূরণের সহায়ক
(3) পাঠ্যপুস্তক কোনো শিক্ষাবর্ষের শৈক্ষিক কার্যক্রমের পরিকল্পনা
(4) পাঠ্যপুস্তক বদল যোগ্য নয় (irreplaceable)

113. নীচের কোন শ্রেণিকক্ষ-অনুশীলনটি শিক্ষার্থীদের মৌখিক (oral) ভাষা বিকাশে সাহায্য করে ?

(1) শিক্ষকের সঙ্গে কোনো পাঠ বা text থেকে সমবেত পাঠ
(2) মুখস্থ করে কোনো কবিতার সমবেত পাঠ
(3) চরিত্রাভিনয়ে (role-plays) অংশগ্রহণ
(4) নতুন বা অপরিচিত শব্দাবলির সঠিক উচ্চারণ অনুশীলন

**114.** যখন বলা হয় "ভাষা যথেচ্ছ (arbitrary)"— তখন তার অর্থ —

(1) ভাষার শব্দ ও অর্থের মধ্যে অন্তর্নিহিত (inherent) সম্পর্ক বর্তমান

(2) ভাষার শব্দ ও অর্থের সম্পর্ক সিদ্ধ বা প্রচলিত কারণের (valid reason) ভিত্তিতে গঠিত, দৈবক্রমের ভিত্তিতে (on chance) নয়

(3) ভাষার শব্দ ও অর্থের মধ্যে কোনো অন্তর্নিহিত সম্পর্ক নেই

(4) ভাষা পূর্বনির্ধারিত নীতি অনুসরণ করে

**115.** ব্যাকরণ শিক্ষণের অবরোহী পদ্ধতি (Deductive approach) অনুসারে আমাদের কর্তব্য —

(1) দৃষ্টান্ত (examples) উপস্থাপন করা

(2) নিয়মাবলী (rules) উপস্থাপন করা

(3) প্রকৃত যোগাযোগ (genuine communication) স্থাপন করা

(4) ড্রিল বা পুনঃপুনঃ চর্চার মাধ্যমে অনুশীলন করানো

**116.** __________ হচ্ছে প্রদত্ত তথ্যোর্দ্ধ (beyond facts) মূল্যায়ন (estimating) অথবা অনুমান (guessing)।

(1) ব্যাখ্যা (Explanation) (2) বিশ্লেষণ (Analysis)

(3) অনুমিতি (Inference) (4) অতিরিক্ত তথ্য নিরূপণ (Extrapolation)

**117.** ভাষা শিক্ষককে অবশ্যই শিক্ষার্থীদের মুক্ত-লিখনের (free writing) অগ্রগতি সাধনে সহায়তা করা উচিত। কারণ মুক্ত-লিখনের প্রধান সুফল হচ্ছে এতে শিক্ষার্থীরা —

(1) সাবলীল ও সৃজনশীল ভাবে (fluently and creatively) লিখতে প্রোৎসাহিত হয়

(2) লেখা অথবা না-লেখার স্বাধীনতা পায়

(3) বেশি লিখতে বা নিখুঁতভাবে লিখতে হবে বলে অনুভব করে না

(4) তাদের মাতৃভাষার বৈশিষ্টগুলিকে লিখিত ভাষায় সাঙ্গীকৃত (incorporate) করতে পারে

**118.** পঞ্চম শ্রেণির একজন শিক্ষক হিসেবে আপনি আপনার শিক্ষার্থীদের আদ্যন্ত একটি পাঠ বা text পড়তে বললেন। তারপর সেই পাঠটির প্রসঙ্গ ধরে (Reference to the context বা RTC ) তাদের কিছু প্রশ্নের উত্তর দিতে বললেন। — আপনি তাদের কীসে প্রোৎসাহিত করলেন ?

(1) ব্যাপক পাঠ (Extensive reading) (2) তন্নতন্ন পাঠ (Scanning)

(3) ভাসা-ভাসা পাঠ (Skimming) (4) নিবিড় পাঠ (Intensive reading)

**119.** ভাষা অর্জন (Language acquisition) তখনই হয়, যখন —

(1) শিশুকে ব্যাকরণের নিয়মাবলি শেখানো হয়

(2) শিশুকে অনুবাদ অনুশীলন করতে দেওয়া হয়

(3) শিশুকে পড়ার সুযোগ দেওয়া হয়

(4) শিশু সেই ভাষার সংস্পর্শে আসে

**120.** শ্রেণিকক্ষে মাতৃভাষা বর্জন করা হচ্ছে __________ পদ্ধতির চারিত্রিক বৈশিষ্ট্য।

(1) প্রাকৃতিক (Natural) (2) দ্বিভাষিক (Bilingual)

(3) শ্রুতি-ভাষিক (Audio-lingual) (4) প্রত্যক্ষ (Direct)

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** - এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part-V (Q.No. 121-150)**, if they have opted **BANGLA** as **Language-II** only.

→

## PART-V
## LANGUAGE-II
## BENGALI

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** এর উত্তর দেবেন।

**নির্দেশ ঃ নিম্নোদ্ধৃত গদ্যাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (121 থেকে 128 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

বসিয়া ভিক্ষা করিবার উপযোগী এমন জায়গা আশেপাশে আর নাই। চারদিক হইতে চারিটি রাস্তা আসিয়া মিলিয়াছে। কলিকাতা শহর ক্রমে বিস্তৃত হইতেছে এই দিকটায়।

পাশেই বাজার, একটু দূরে পশ্চিম দিকের রাস্তার শেষ প্রান্তে আদিগঙ্গা ; গঙ্গার উপরে হিন্দুর পীঠস্থান কালীমন্দির।

আজ প্রায় পাঁচ বৎসর জনমেজয় এইখানে বসিয়া ভিক্ষা করে, পরিষ্কার একটি সিগারেটের কৌটা তুলিয়া ধরিয়া পথিকদের উদ্দেশে বলে, খোঁড়া নাচারকে —

গঙ্গা স্নানান্তে দেবী-দর্শনের পর পুণ্যলোভাতুর মানুষের কোমল মন সেই কাতর প্রার্থনা উপেক্ষা করিতে পারে না। জনমেজয়ের ভিক্ষার কৌটা ভরিয়া যায়।

আগে দিনই চলিত না। এইখানে বসার পর হইতে তার ভাগ্য ফিরিয়াছে, স্বচ্ছলতা দেখা দিয়াছে, সঙ্গে সঙ্গে বাড়িয়াছে মনের প্রসারতা।

সে ঘরভাড়া দেয় মাসে দু'টাকা, পোষ্য তার অনেকগুলি, দুটি বিড়াল, একটি কুকুর, তার চার-পাঁচটি ছানা, এক খাঁচা মনিয়া, আরও নানারকমের পাখী।

তার এই সৌভাগ্য অন্যান্য ভিখারীদের সহ্য হয় না। কেহ বলে, লোকটার বরাত দেখেছ, যাকে বলে চাঁদা কপাল।

গণেশ বলে, বরাত শুধু ওর নয়, ঐ জায়গাটারও ; একটু বৃষ্টির জলও কখন জমতে দেখলাম না, অথচ আমাদের বেলা আকাশে মেঘ ডাকতে না ডাকতেই পথ ঘাট ভেসে যায় ; থাকো দুদিন উপোষ করে।

নিজের উপবাসী থাকার যে কষ্ট তার চেয়ে গণেশ বেশী কষ্ট অনুভব করিত জনমেজয়ের এই সৌভাগ্যের জন্য। একই বৃত্তি, কাছাকাছিই তারা বসে। রোজ তার অন্ন জোটে না, অন্ন যদি বা জুটিল, বিড়ি অথবা গাঁজা কেনার জন্য একটা পয়সাও অবশিষ্ট থাকে না, আর একজন দিব্যি পশু পাখী পোষে, কুকুরকে নাকি দইও খাওয়ায়।

জনমেজয়ের এই জায়গাটার প্রতি লোভ ছিল অনেকেরই, কিন্তু তার দৃঢ় সবল বাহুর মাংসপেশী দেখিয়া লোভটা তারা সম্বরণ করিত। কিন্তু গণেশ তাহা পারিত না।

সে যেখানে বসে সে জায়গাটার কোন জলুস নাই, একটি গলিও আসিয়া সেখানে বড় রাস্তার সঙ্গে মেশে নাই, কাছে একটা ভাল দোকানের পর্য্যন্ত অভাব।

ভিক্ষা পায় না বলিয়া সে দোষ দেয় ভগবানকে ; রাগ করে জনমেজয়ের উপর, এবং যে-দিন চার-ছয়টা পয়সাও জোটে না, সে-দিন 'হারামজাদা মাটি' বলিয়া নিজের বসিবার জমিটার উপর পদাঘাত করিয়া জননী ধরিত্রীর ঋণ শোধ করে।

**121.** "তার এই সৌভাগ্য অন্যান্য ভিখারীদের সহ্য হয় না।" কারণ —

**(ক)** জনমেজয় ও তারা একই শ্রেণির মানুষ।

**(খ)** জনমেজয়ের উন্নতি হলেও তাদের উন্নতি হয়নি।

নিম্নপ্রদত্ত বিকল্পগুলির মধ্যে **সঠিক** উত্তরটি নির্বাচন করুন ঃ

(1) কারণ **(ক)** ঠিক, কিন্তু **(খ)** ভুল

(2) কারণ **(ক)** এবং **(খ)** — দুটোই ঠিক

(3) কারণ **(ক)** ভুল, কিন্তু **(খ)** ঠিক

(4) কারণ **(ক)** এবং **(খ)** — দুটোই ভুল

**122.** গদ্যাংশটির মধ্যে লেখকের কোন দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে ?

(1) ভোগবাদী (2) আধ্যাত্মবাদী (3) ভাববাদী (4) বস্তুবাদী

**123.** কোন দুটি শব্দ একই উৎস থেকে বাংলা শব্দভাণ্ডারে আগত ?

(1) পোষ্য — হারামজাদা (2) হারামজাদা — নাচার

(3) ভিক্ষা — হারামজাদা (4) পোষ্য — নাচার

**124.** গদ্যাংশটি কোন জাতীয় রচনার লক্ষণ বহন করছে ?

(1) সমীক্ষা জাতীয় (2) আখ্যান জাতীয় (3) রিপোর্ট জাতীয় (4) পর্যালোচনা জাতীয়

**125.** গদ্যাংশের শেষ অনুচ্ছেদে বর্ণিত গণেশের আচরণ কীসের পূর্বাভাষ দেয় ?

(1) বিদ্রোহের (2) আত্মবিলোপের (3) অরাজকতা সৃষ্টির (4) মানসিক বিকারের

**126.** ভিক্ষা আদায়ের জন্য জনমেজয় মূলত কীসের সুযোগ নেয় ?

(1) মানুষের সহানুভূতিশীলতার (2) মানুষের দুর্বলচিত্ততার

(3) মানুষের আদর্শনিষ্ঠার (4) মানুষের ধর্মনিষ্ঠার

**127.** উপস্থিত সকলের মধ্যে কেবল জনমেজয়ের উন্নতির মূল কারণ কী বলে প্রতীয়মান হয় ?

(1) তার আধিপত্য শক্তি (2) তার ভাগ্য

(3) তার সততা (4) তার ইচ্ছাশক্তি

**128.** '. . . একটি সিগারেটের কৌটা তুলিয়া ধরিয়া পথিকদের উদ্দেশে বলে, খোঁড়া নাচারকে — ।'

'নাচার' শব্দটির অর্থ —

(1) দরিদ্র (2) চলনশক্তিহীন (3) নিষ্পাপ (4) নিরুপায়

**নির্দেশ ঃ নিম্নোদ্ধৃত গদ্যাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (129 থেকে 135 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

ঘুম এসে কালাচাঁদকে গিলে খেল। অমনি কালাচাঁদের সামনে কয়েকজন ভদ্রলোক এসে হাজির। একজনকে তো দেখেই চিনল। স্যার ! আপনি নিশ্চয় স্যার আশুতোষ — হুঁ। তোমার সঙ্গেই দেখা করতে এসেছি। তুমি এবারে কলকাতা ইউনিভার্সিটির ভাইসচ্যান্সেলার হও।

আমি স্কুল ফাইনাল পাশই করিনি স্যার।

তাতে কি ! ইনি তোমায় সার্টিফাই করেছেন। এঁনারাও করেছেন।

পাশে যে ভদ্রলোক দাঁড়িয়েছিলেন, তিনি এগিয়ে এসে বললেন, আমি যাদবচন্দ্র চক্রবর্তী।

আজ্ঞে ?

হ্যাঁ। আমিই ঈশ্বর যাদবচন্দ্র চক্রবর্তী, আমি জানি তুমি আমার অঙ্কের বই গত পনের বছরে মোট দশ কপি কিনেছ।

তা কিনতে হয়েছে স্যার। আপনার বইয়ের কষে দেওয়া অঙ্কগুলোই পরীক্ষায় বেশি করে আসে।

তোমাকেও সে-সব সঙ্গে নিয়ে পরীক্ষায় বসতে হয়েছে।

হ্যাঁ স্যার। বার বার। হাফইয়ার্লি, অ্যানুয়াল — দুই পরীক্ষাতেই।

পাতাগুলো তো ছিঁড়ে সঙ্গে নিয়ে যেতে, তবু পাশ করনি। কেন যে করনি আমি ঠিক বুঝে উঠতে পারিনি কালাচাঁদ। এসব অনেক কিছু ভেবেই আমরা ঠিক করেছি, তুমিই ভি. সি. হবে।

স্যার। আপনার কষে দেওয়া অঙ্কের নীচে দু'এক জায়গায় লেখা থাকে — সি পেজ ওয়ান হান্ড্রেড্ টেন। আমি যে সে কথাও খাতায় লিখে দিতাম।

তবে তো ধরা পড়বেই ! যাক গে ! এতেই বোঝা যাচ্ছে, তুমি কত মন দিয়ে আমাকে পড়েছ। আর আপত্তি কোরো না। তারপর যাদবচন্দ্র কাছে এগিয়ে এসে বললেন, ওঁরা সবাই তোমার চেয়ে অনেক বড়। ওঁদের কথাটা রাখ। দেশের আজ এই অবস্থায় তুমিই ভাইস চ্যান্সেলারের পদে সবচেয়ে যোগ্য লোক।

ওঁরা ? ওঁরা মানে স্যার ?

তুমি দেখতে পাচ্ছ না কালাচাঁদ। কারা দাঁড়িয়ে রয়েছেন ?

এবারে ভালো করে দেখল কালাচাঁদ। আরে বাবা। স্যার, আপনি। আপনি তো আচার্য স্যার জগদীশচন্দ্র বসু স্যার।

হ্যাঁ। তুমি দেখছি ঠিক চিনেছ। একসঙ্গে দু'বার স্যার বলতে নেই। ইনি কে বলো তো !

ঠিক ধরতে পারছি নে। আপনাদের মতোই তো গলাবন্ধ কোট গায়ে।

ভদ্রলোক নিজেই বললেন, আমি হলাম গিয়ে স্যার যদুনাথ সরকার —

ঠিক চিনতে পারছি নে।

স্যার আশুতোষ এগিয়ে এলেন, যদু আমাদের বিরাট হিস্টোরিয়ান। তোমার কাজ কর্মেও সাহায্য করবে। চলো, তোমায় বিশ্ববিদ্যালয়ে বসিয়ে দিয়ে আসি। বিশ্ববিদ্যালয়ের যদুর অভিজ্ঞতা আছে।

আমায় ছেড়ে দিন, আমি ধরা পড়ে যাব। শেষে লজ্জার শেষ থাকবে না।

তোমায় কিছু করতে হবে না। শুধু ডিগ্রি, পি এইচ. ডি-র সার্টিফিকেটে সই দেবে। বড় বড় করে। তুমি তো সই জাল করতে পারো ভালো।

স্যার, আমি আগেকার শেখা সব জিনিস ভুলে যাচ্ছি।

তার মানে ? ভুলে যাচ্ছ কি ?

হ্যাঁ স্যার। অনেকদিন ধরে পড়াশুনো করছি তো। বড় হাতের সি — বড় হাতের ডি — কোনটা কোন দিকে বাঁকানো — তা ঠিক মনে থাকে না। সন্দেহ জাগে লেখার সময়।

**129.** 'পরীক্ষা' শব্দটি কোন দুটি শব্দযোগে গঠিত ?

(1) পরি + ঈক্ষা (2) পরি + ইক্ষা (3) পরী + ঈক্ষা (4) পরী + ইক্ষা

**130.** উদ্ধৃত গদ্যাংশটি কোন জাতীয় রচনা ?

(1) মনীষী জীবনীমূলক (2) শিক্ষণ-শিখন বিষয়ক

(3) বিশুদ্ধ কল্পনামূলক (4) ঐতিহাসিক ঘটনাভিত্তিক

**131.** কালাচাঁদকে ভাইসচ্যান্সেলার পদে বসানোর জন্য কজন বিখ্যাত ব্যক্তি এসেছিলেন ?

(1) ছ'জন (2) পাঁচজন (3) তিনজন (4) চারজন

**132.** মন্তব্য দুটির সত্যাসত্য নির্দেশ করুন।

**(ক)** আবির্ভূত ব্যক্তিদের মধ্যে প্রত্যেকেই ভিন্ন ভিন্ন উদ্দেশ্য নিয়ে কালাচাঁদের কাছে এসেছিলেন।

**(খ)** আবির্ভূত ব্যক্তিদের প্রত্যেকেই গলাবন্ধ কোট পরে এসেছিলেন।

**সঠিক** উত্তরটি নির্বাচিত করুন ঃ

(1) **(ক)** ঠিক, **(খ)** ভুল (2) **(ক)** ভুল, **(খ)** ঠিক

(3) **(ক)** এবং **(খ)** — দুটোই ভুল (4) **(ক)** এবং **(খ)** — দুটোই ঠিক

**133.** 'অনেকদিন ধরে পড়াশুনো করছি তো।' — এ থেকে বোঝা যায় যে কালাচাঁদ

(1) পড়াশোনা ছেড়ে থাকতে পারে না (2) খুঁটিয়ে খুঁটিয়ে ধীরে সুস্থে পড়েছে

(3) পরীক্ষায় পাশ করতে পারে না (4) অনেক দূর পর্যন্ত পড়েছে

**134.** রচনাটির মধ্যে কোন রসের প্রাধান্য দেখতে পাই ?

(1) কৌতুক (2) করুণ (3) বীরত্ব (4) বীভৎস

**135.** কালাচাঁদের কাজকর্ম দেখে তার সম্পর্কে কোন মন্তব্যটি করা উচিত ?

(1) তার পড়াশোনায় আগ্রহ আছে, কিন্তু বুদ্ধি নেই

(2) তার পড়াশোনায় আগ্রহ নেই, কিন্তু বুদ্ধি আছে

(3) তার পড়াশোনায় আগ্রহও আছে, বুদ্ধিও আছে

(4) তার পড়াশোনায় আগ্রহও নেই, বুদ্ধিও নেই

**নির্দেশ ঃ নিম্নলিখিত প্রশ্নগুলির (136 থেকে 150 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

**136.** ভাষাতাত্ত্বিক পারঙ্গমতা (linguistic competence) শিক্ষার্থীদের সমর্থ করে —

(1) ব্যাকরণগত রূপে শুদ্ধ ও অশুদ্ধ বাক্যাবলির মধ্যে পার্থক্য করতে

(2) ব্যাকরণগত রূপে শুদ্ধ না হলেও সাবলীল ভাবে (fluently) বলতে

(3) ভাষাকে কখন এবং কীভাবে ঠিকমতো ব্যবহার করতে হবে, তা জানতে

(4) উত্তরোত্তর বেশি পরিমাণে ইংরেজি ব্যবহার করতে

**137.** প্রাথমিক স্তরের শিক্ষিকারা সাধারণত শিক্ষার্থীদের ছবি আঁকা, রং করার কাজে উৎসাহ দিয়ে থাকেন। কারণ এটি —

(1) শিশুদের কর্মমগ্ন রেখে ক্লাসের নীরবতা রক্ষা করতে সাহায্য করে

(2) শিশুদের সূক্ষ্ম স্নায়বিক দক্ষতা বিকাশে সাহায্য করে

(3) শিক্ষার্থীদের পক্ষে আমোদজনক হয়

(4) শিক্ষিকাকে বিশ্রাম লাভের সুযোগ দেয়

**138.** শিশুরা তখনই একটি ভাষা সবচেয়ে কার্যকর রূপে শিখতে পারে, যখন তাদের —

(1) একজন সুদক্ষ ভাষা শিক্ষক থাকেন

(2) একটি ভালো পাঠ্যপুস্তক থাকে

(3) বাধকতা (inhibition) থাকে

(4) প্রেরণা বা প্রণোদনা (motivation) থাকে

**139.** একজন শিক্ষক তাঁর ক্লাসে দলগত আলাপ-আলোচনা এবং সহপাঠীদের মধ্যে পারস্পরিক মত বিনিময়ের কাজে প্রোৎসাহিত করেন। এক্ষেত্রে তিনি বানান অথবা উচ্চারণগত অশুদ্ধি সংশোধনের ব্যাপারে মাথা ঘামান না। এভাবে তিনি ক্লাসরুমে __________ পদ্ধতি অনুসরণ করছেন।

(1) পরম্পরাগত (Traditional) (2) সারগ্রাহী (Eclectic)

(3) সংগঠনবাদী (Structural) (4) গঠনবাদী (Constructivist)

**140.** একজন শিক্ষক হিসেবে আপনি দেখলেন যে প্রদত্ত পাঠটিতে ব্যবহৃত ভাষা শিক্ষার্থীদের পক্ষে বেশ কঠিন। পড়ুয়াদের উপযোগী করার জন্য আপনি সেই ভাষা সরলীকরণ করলেন এবং বিষয়বস্তুর মধ্যেও নির্দিষ্ট কিছু পরিবর্তন আনলেন। — এক্ষেত্রে আপনি যা করলেন, তাকে বলা হবে —

(1) পরিগ্রহণ (Adopting) (2) অভিযোজন বা সাঙ্গীকরণ (Adaptation)

(3) মূল্যায়ন (Evaluation) (4) পর্যালোচনা (Review)

**141.** রাজু আজ স্কুলে যাচ্ছে বলে খুব খুশি। তাদের পরিবারে সে-ই প্রথম স্কুলে যাবে। এর আগে পরিবারের কেউ, এমন কি তার মা-বাবা পর্যন্ত কখনো স্কুলে ভর্তি হয়নি। এক্ষেত্রে রাজু হচ্ছে একজন __________ শিক্ষার্থী।

(1) প্রথম প্রজন্মের (2) দ্বিতীয় প্রজন্মের

(3) প্রান্তিক (marginalized) (4) সংখ্যালঘু (minority)

**142.** পড়াতে গিয়ে আপনি দেখলেন যে প্রদত্ত পাঠ্যপুস্তকটি শুরু হয়েছে ছড়া ও চিত্র-কাহিনি দিয়ে এবং শেষ হয়েছে বর্ণমালা দিয়ে। — এ ধরণের বিন্যাস ভাষা-শিক্ষা বিজ্ঞানের (Language pedagogy) কোন পদ্ধতিটিকে নির্দেশ করে ?

(1) বট্‌ম আপ্ পদ্ধতি (Bottom up approach)

(2) টপ ডাউন পদ্ধতি (Top down approach)

(3) জ্ঞানগর্ভ পদ্ধতি (Eclectic approach)

(4) নান্দনিক পদ্ধতি (Aesthetic approach)

**143.** ভাষা যখন কোনো রীতি-পদ্ধতিভিত্তিক অনুশীলন ছাড়া স্বাভাবিক ভাবেই শিখে ফেলা হয়, তখন সেটিকে বলা হয় —

(1) পাণ্ডিত্য (Erudition) (2) অর্জন (Acquisition)

(3) গ্রহণ (Acceptance) (4) শিখন (Learning)

**144.** শিক্ষার্থীরা সমবেত রূপে — জোড়বদ্ধ অথবা দলবদ্ধ হয়ে কোনো সমস্যার সমাধান করে। এটি __________ - এর অন্যতম গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য।

(1) যোগাযোগমূলক ভাষা শিক্ষণ

(2) আচরণবাদী পদ্ধতি (Behaviourist approach)

(3) সমগ্র ভাষা পদ্ধতি (Whole language approach)

(4) সংগঠনবাদী পদ্ধতি (Structural approach)

**145.** 'দূষণ' বা 'প্রদূষণ' বিষয়ের ওপর একটি পাঠ-পরিকল্পনা (Lesson plan) প্রস্তুতির প্রথম পদক্ষেপ কোনটি হবে ?

(1) প্রারম্ভিক (introductory) প্রশ্নাবলী প্রস্তুত করা

(2) বিষয়টি বহুবার পড়া

(3) শিক্ষণ-সহায়ক উপাদান সামগ্রী (Teaching aids) নির্বাচন করা

(4) উদ্দেশ্য বা লক্ষ্য নির্ধারণ করা

**146.** শিক্ষক শিক্ষার্থীদের 'জল' বিষয়ে একটি অনুচ্ছেদ লিখতে বললেন। এর পর শিক্ষার্থীরা এই বিষয়ে সায়েন্স ও সমাজ বিজ্ঞানের ক্লাসে যা শিখেছে, তা নিয়ে আলোচনা করল। তারপর তারা 'জল' বিষয়ক অনুচ্ছেদটি লিখতে শুরু করল। — এটি

(1) ব্যবহারিক ভাষার (Language in use) দৃষ্টান্ত

(2) বিজ্ঞানমূলক ভাষার (Language of science) দৃষ্টান্ত

(3) পাঠক্রম-বিস্তীর্ণ ভাষার (Language across curriculum) দৃষ্টান্ত

(4) যোগাযোগমূলক পদ্ধতির দৃষ্টান্ত

**147.** আপনি এমন একটি গ্রামে জন্মেছেন ও বড়ো হয়েছেন, যেখানে সবাই হিন্দিতে কথাবার্তা বলে। আপনিও সেই ভাষাটি কোনো স্কুলে না গিয়েই ব্যবহার করতে শুরু করেছিলেন। পরে স্কুলে গিয়ে আপনি ইংরেজি, সংস্কৃত, হিন্দি এবং উর্দু শিখলেন। এখন আপনি ইংরেজিতে সাবলীলভাবে কথা বলতে পারেন। — এক্ষেত্রে আপনার প্রথম ভাষা (first language) কোনটি ?

(1) ইংরেজি (2) হিন্দি (3) উর্দু (4) সংস্কৃত

**148.** একজন শিক্ষিকা সত্যিকারের ছাতা, বর্ষাতি, স্ক্রু-ড্রাইভার ইত্যাদির মতো কয়েকটি জিনিস ক্লাসে নিয়ে এলেন। এরপর তিনি শিক্ষার্থীদের সেই জিনিসগুলিকে দু-তিন লাইনের মধ্যে বর্ণনা করতে বললেন। — শিক্ষিকার আনা বস্তুগুলিকে পরিভাষিক অর্থে কী বলা হবে ?

(1) ভাষা প্রসম্ভার বা Language input (2) শিক্ষণ যন্ত্র বা Teaching instrument

(3) প্রকৌশল বা Tools (4) রিয়্যালিয়া (Realia)

**149.** ক্লাসে 'কাল' (tense) শেখাতে গিয়ে আপনি একই ব্যক্তির দুটি ফটো ব্যবহার করলেন — একটি 15 বছর আগের এবং অন্যটি সম্প্রতি তোলা। আপনি সেই ব্যক্তিটির বর্তমান ও অতীত চেহারা, অভ্যাস নিয়ে আলোচনার সূত্রপাত করলেন। — এখানে আপনি ব্যবহার করলেন —

(1) নির্দেশমূলক (Prescriptive) ব্যাকরণ

(2) সংগঠনমূলক (Structural) ব্যাকরণ

(3) শিক্ষাবিজ্ঞানমূলক (Pedagogical) ব্যাকরণ

(4) নিয়ম বা সূত্র-ভিত্তিক (Rule-based) ব্যাকরণ

**150.** কোনো ক্লাস বা শিক্ষাক্রম সম্পূর্ণ হবার মধ্যে শিক্ষার্থীদের কোন কোন জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টিভঙ্গি গড়ে ওঠা উচিত বলে বর্ণিত বিবৃতিগুলি নীচের কোনটির অন্তর্গত ?

(1) শিক্ষণ ফলাফল (Teaching outcomes)

(2) শিখন ফলাফল (Learning outcomes)

(3) গাণিতিক সাক্ষরতা ফলাফল (Numeracy outcomes)

(4) বুনিয়াদি সাক্ষরতা ফলাফল (Foundational Literacy outcomes)

**- o O o -**

SPACE FOR ROUGH WORK

**নিম্নলিখিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন :**

1. বিভিন্ন ধরণের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল / কালো বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে। একবার উত্তর চিহ্নিত করণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবে না, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না। পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না।
4. পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন। কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না। শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন।
6. মেশিন কেবলমাত্র উত্তরপত্রে (OMR) দেওয়া সংকেতই পড়তে পারবে। তাই কোনো তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশপত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোন পার্থক্য থাকবে না।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিক উপকরণ পরীক্ষা হলে আনা চলবে না। পরীক্ষার্থী এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসেবে গণ্য করা হবে এবং যে কোনো ব্যবস্থা নেওয়া হবে এমনকী তার পরীক্ষা বাতিল করাও যেতে পারে।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না। যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর পত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে। **পরীক্ষার্থীরা তাদের বাম হাতের বুড়ো আঙ্গুলের ছাপ হাজিরা পত্রে দেওয়া স্থানে অবশ্য লাগান।**
12. ইলেক্ট্রনিক/ হস্তচালিত ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য। কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ী সম্পন্ন হবে।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও উত্তর পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর উত্তর পত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন। পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন।**

## निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **नीले/काले बॉल पॉइन्ट पेन** से भरें। एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ। परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें।
4. परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र के कोड या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी।
5. परीक्षा पुस्तिका/उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका कोड व संख्या को परीक्षार्थी सही तरीके से उपस्थिति-पत्र में लिखें।
6. OMR उत्तर पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी। इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्विच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए। इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और परीक्षार्थी विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें।
11. कार्यरत निरीक्षक को अपना उत्तर पत्र दिए बिना एवं उपस्थिति-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे। यदि किसी परीक्षार्थी ने दूसरी बार उपस्थिति-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा। **परीक्षार्थी अपने बाएँ हाथ के अंगूठे का निशान उपस्थिति-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ।**
12. इलेक्ट्रॉनिक/हस्तचालित परिकलक का उपयोग वर्जित है।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी परीक्षण संस्था के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं। अनुचित साधनों के सभी मामलों का फैसला परीक्षण संस्था के नियमों एवं विनियमों के अनुसार होगा।
14. किसी भी परिस्थिति में परीक्षा पुस्तिका और उत्तर पत्र का कोई भाग अलग न करें।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल/कक्ष छोड़ने से पूर्व उत्तर पत्र निरीक्षक को अवश्य सौंप दें।** ***परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं।***

## READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY :

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Blue / Black Ball Point Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
4. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet/Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the examination halls/rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against the candidate including cancellation of examination.
9. Each candidate must show on demand his/her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his/her seat.
11. The candidates should not leave the Examination Hall/Room without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic/Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Examining Body with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Examining Body.
14. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Hall / Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***